বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল
পানি ভবন, ৭২,গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

তারিখ: ১৩ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
২৯ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৪২.০১.০০০০.০০০.০০৫.২২.০০০২.১৮.১১৬

## সার্কুলার

বিষয়: **পিপিআর-২০২৫ মোতাবেক সীমিত দরপত্র পদ্ধতিতে পণ্য, কার্য, ভৌত সেবা ক্রয়ের ক্ষেত্রে সামাজিক ক্রয় ক্যাটাগরী এর মাধ্যমে সংরক্ষিত ক্রয়কার্য সংক্রান্ত।**

এতদ্বারা সংশ্লিষ্ট সকল ক্রয়কারী (Procuring Entity) এর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিশেষায়িত ক্রয়ের ক্ষেত্র ব্যতিরেকে, পরিচালন খাতে বার্ষিক বাজেটের নূন্যতম ২৫.০০% পিপিআর-২০২৫ এর বিধি ৮০(১)(ঘ) এর অধীন সীমিত দরপত্র পদ্ধতিতে পণ্য বা কার্য বা ভৌত সেবা ক্রয়ের ক্ষেত্রে অতিক্ষুদ্র ও ক্ষুদ্র প্রতিষ্ঠান (Micro and small enterprise), নারী-মালিকানাধীন প্রতিষ্ঠান (Women-owned enterprise), নূতন প্রতিষ্ঠান (New enterprise) এর মধ্যে সীমিত রাখতে হবে।

২। সীমিত দরপত্র পদ্ধতিতে সামাজিক ক্রয় ক্যাটাগরীর মাধ্যমে সম্পাদনের জন্য সংরক্ষিত ক্রয়কার্যের ক্ষেত্রে দরপত্র দলিলের Tender Data Sheet (TDS) এ এবং e-GP system এ Tender Notice এর Eligibility of Tenderer এর জায়গায় তালিকাভুক্ত দরদাতাগণের মধ্যে এ ০৩ (তিন) ধরণের প্রতিষ্ঠান Eligible হবে সেটা উল্লেখ করতে হবে এবং সে অনুযায়ী দরপত্র মূল্যায়ন করতে হবে। প্রতিষ্ঠান সমূহ নিম্নরূপঃ

| শ্রেণী | যোগ্যতার মানদন্ড (Qualification Criteria) | প্রয়োজনীয় তথ্যাদি |
|---|---|---|
| **(ক) অতিক্ষুদ্র ও ক্ষুদ্র প্রতিষ্ঠান** (Micro and small enterprise) | দরপত্র আহবানের তারিখ হতে পূর্বেকার ৩ (তিন) বছরে যেই সকল ব্যক্তি বা প্রতিষ্ঠান এই বিধিমালার অধীন ক্রয়ের ধরন নির্বিশেষে সমষ্টিগতভাবে সর্বোচ্চ ১ (এক) কোটি টাকা মূল্যের ক্রয়চুক্তিতে আবদ্ধ হওয়ার সুযোগ পেয়েছেন। | দরপত্র আহ্বানের তারিখের পূর্ববর্তী তিন বছরের জন্য চুক্তি সম্পাদনের তথ্য জমা দিতে হবে। (Tenderer have to submit contract award information for the last three year period from the date of Invitation for Tender (IFT)) **দরপত্র দলিলে উল্লেখ করতে হবে।** |
| **(খ) নারী-মালিকানাধীন প্রতিষ্ঠান** (Women-owned enterprise) | যেই সকল একক মালিকানাধীন প্রতিষ্ঠানের মালিক একজন নারী। | নারী মালিকের একক স্বত্তাধিকার এর প্রমাণ সম্বলিত তথ্যাদি দিতে হবে। (Documentation substantiating the female proprietor status.) |
| **(গ) নূতন প্রতিষ্ঠান** (New enterprise) | দরপত্র আহবানের তারিখ হতে পূর্বেকার ২ (দুই) বছরে যেই সকল ব্যক্তি বা প্রতিষ্ঠান তাদের প্রথম ব্যবসা নিবন্ধন লাভ করেছেন। | প্রথম ব্যবসার নিবন্ধনের তারিখ নিশ্চিত করে এমন তথ্যাদি দিতে হবে। (Documentation confirming the date of the first business registration, i.e Trade License.) |

৩। দরপত্র দলিলের শর্তানুযায়ী দরদাতা দরপত্র আহ্বান এর তারিখ হতে পূর্বেকার ৩ (তিন) বছরে চুক্তিকৃত পণ্য, কার্য, ভৌত সেবা ক্রয়ের তথ্যাদি গোপন করলে অথবা ভূল তথ্য প্রদান করলে, দরপত্র দলিলের শর্ত মোতাবেক সেই ব্যক্তি বা প্রতিষ্ঠানকে অযোগ্য ঘোষণা (Non-responsive) করা হবে ও Tender Security বাজেয়াপ্ত করা হবে এবং পিপিআর-২০২৫ এর বিধি ১৪৯ অনুযায়ী সেই ব্যক্তি বা প্রতিষ্ঠানকে ক্রয়কারী সংস্থায় ক্রয়কার্যে অংশগ্রহণে সাময়িক নিষেধাজ্ঞা (Suspension) আরোপ করা হবে অথবা বারিত (Debar) করা হবে।

৪। মহাপরিচালক, বাপাউেবা, ঢাকা মহোদয়ের সদয় অনুমোদনক্রমে জারীকৃত সার্কুলার অবিলম্বে কার্যকর হবে।

২৯-১০-২০২৫
মোঃ হাফিজুল আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর)
০২২২২২৩০০১৫
se.cpc.bwdb@gmail.com

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ**

১। প্রধান প্রকৌশলী/অতিঃ প্রধান প্রকৌশলী (সকল)/সমমানের কর্মকর্তা, ................................................, বাপাউবো।
২। প্রকল্প পরিচালক (সকল), ................................................, বাপাউবো।
৩। সিএসও টু মহাপরিচালক (ভারপ্রাপ্ত), মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/পরিচালক/সমমানের কর্মকর্তা (সকল), ................................................, বাপাউবো।
৫। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা ( সার্কুলারটি বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৬। নির্বাহী প্রকৌশলী (সকল)/সমমানের কর্মকর্তা (সকল), ................................................, বাপাউবো।
৭। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক, পূর্ব রিজিওন/ পশ্চিম রিজিওন/ পনগ/ প্রশাসন/ অর্থ , বাপাউবো, ঢাকা।

২৯-১০-২০২৫
সৌরভ কুমার দাস
নির্বাহী প্রকৌশলী (পুর)